



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা



ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

নং-প্রকা/টিএমডি-১৭(৫৪)/২০১৯-২০২০/৯৯০

তারিখঃ ২৩-০৩-২০২০

- ০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে পর্যাপ্ত নগদ টাকার সরবরাহ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর ২২ মার্চ ২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

- ০২। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর উক্ত সার্কুলার লেটার এর নির্দেশনা অনুযায়ী গ্রাহকের চাহিদার বিপরীতে দৈনদিন নগদ অর্থের সরবরাহ যেন বিঘ্নিত না হয় সে লক্ষ্যে শাখাসমূহে পর্যাপ্ত নগদ অর্থ সরবরাহ করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।
- ০৩। কোন এলাকা/অঞ্চল সরকারী ঘোষণার মাধ্যমে লক ডাউন করা হলে সে এলাকায়/অঞ্চলে প্রয়োজনে স্থানীয় প্রশাসন ও আইন প্রয়োগকারী সংস্থাসহ উপর্যুক্ত কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করে প্রয়োজনীয় নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত



(গোলাম মোঃ আরিফ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/টিএমডি-১৭(৫৪)/২০১৯-২০২০/৯৯০

তারিখঃ ২৩-০৩-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা ও বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। নথি।


(মোঃ আল মামুন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮

২২ মার্চ ২০২০
তারিখঃ-----
০৮ চৈত্র ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,


করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে পর্যাপ্ত নগদ টাকার সরবরাহ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সম্প্রতি করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং এর কমিউনিটি ট্রান্সমিশন রোধকল্পে সরকার কর্তৃক বিভিন্ন নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংকসমূহকে ইতোমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এরূপ পরিস্থিতিতে গ্রাহকের চাহিদার বিপরীতে দৈনন্দিন নগদ অর্থের সরবরাহ যেন বিঘ্নিত না হয় সে লক্ষ্যে ব্যাংকের শাখাগুলোতে পর্যাপ্ত নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে। কোন এলাকা/অঞ্চল সরকারী ঘোষণার মাধ্যমে লক ডাউন করা হলে সে এলাকায়/অঞ্চলে প্রয়োজনে স্থানীয় প্রশাসন ও আইন প্রয়োগকারী সংস্থাসহ উপযুক্ত কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করে প্রয়োজনীয় নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মকবুল হোসেন)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০২৬৮

